

খুকি ও কাঠবিড়ালি

কাজী নজরুল ইসলাম





খুকি ও কাঠবিড়ালি
..... কাজী নজরুল ইসলাম




কাঠবিড়ালি ! কাঠবিড়ালি ! পেয়ারা তুমি খাও ?
গুড়-মুড়ি খাও ? দুধ-ভাত খাও ? বাতাবি-নেবু ? লাউ ?
বিড়াল-বাচ্চা কুকুর-ছানা ? তাও-
ডাইনি তুমি হোঁৎকা পেটুক,
খাও একা পাও যেথায় যেটুক !
বাতাবি-নেবু সকলগুলো
একলা খেলে ডুবিয়ে নুলো !



তবে যে ভারি ল্যাজ উঁচিয়ে পুটুস্ পাটুস্ চাও ?
ছোঁচা তুমি ! তোমার সঙ্গে আড়ি আমার ! যাও !
কাঠবিড়ালি ! বাঁদরীমুখী ! মারবো ছুঁড়ে কিল ?
দেখবি তবে ? রাঙাদা'কে ডাকবো ? দেবে টিল !












পেয়ারা দেবে ? যা তুই ঠুঁচা !
তাই তো তোর নাকটি বোঁচা !
হুত্থো-চোখী ! গাপুস গুপুস
একলাই খাও হাপুস হুপুস !
পেটে তোমার পিলে হবে ! কুড়ি-কুষ্টি মুখে !
হেই ভগবান ! একটা পোকা যাস্ পেটে ওর ঢুকে !
ইস্ ! খেয়ো না মস্তপানা ঐ সে পাকাটাও !
আমিও খুবই পেয়ারা খাই যে ! একটি আমায় দাও !
কাঠবিড়ালি ! তুমি আমার ছোড়দি' হবে ?
বৌদি হবে ? হুঁ !
রাঙা দিদি ? তবে একটা পেয়ারা দাও না ! উঃ !
এ রাম ! তুমি ন্যাংটা পুঁটো ?
ফুকটা নেবে ? জামা দুটো ?
আর খেয়ো না পেয়ারা তবে,
বাতাবি-নেবুও ছাড়তে হবে !
দাঁত দেখিয়ে দিচ্ছ যে ছুঠ ? অ'মা দেখে যাও !-
কাঠবিড়ালি ! তুমি মর ! তুমি কচু খাও !



কোনটা ভালো লাগে তোমার পরিবারের সদস্যদের ?

Which of the following do your family members like?

Ask them in Bengali & put v for Yes or X for No in the square

 <input type="checkbox"/>	 <input type="checkbox"/>	 <input type="checkbox"/>	 <input type="checkbox"/>
 <input type="checkbox"/>	 <input type="checkbox"/>	 <input type="checkbox"/>	<input type="checkbox"/> <input type="checkbox"/>

১. পেয়ারা (Guava) ২. বাতবীলেবু (Grapefruit) ৩. গুড়মুড়ি (puffed rice with jaggery)
৪. দুধভাত (rice with milk) ৫. লাউ (bottle gourd) ৬. বেড়ালছানা (kitten) ৭. কুকুরছানা (Puppy)
৮. Student's Choice